

# লেসন ১

## লেসন সূচি

১।	هَذَا	this	ইহা, এটা, এইটা
২।	مَا هَذَا؟	What is this?	এটা কি?
৩।	مَنْ هَذَا؟	Who is this?	ইনি কে?
৪।	أَهَذَا بَيْتٌ؟	Is this a house?	এটা কি একটা বাড়ি?
৫।	نَعَمْ.	Yes.	হ্যাঁ।
৬।	لَا، هَذَا مَسْجِدٌ.	No, this is a masjid	না, এটা একটা মাসজিদ।
৭।	ذَلِكَ	That	উহা, ওটা, ঐটা
৮।	শব্দভাণ্ডার		

هَذَا

this

ইহা, এটা, এইটা

هَذَا

"হাযা" একটা নির্দেশক বা ইশারা-সূচক সর্বনাম  
(demonstrative pronoun)

### ব্যবহারের ক্ষেত্রঃ

কাছের কোনো বস্তু, প্রাণী, মানুষ বা অন্যকিছু,  
যা একবচন এবং পুরুষ-জাতীয়।

### উদাহরণঃ

১।	هَذَا بَيْتٌ	এটা একটা বাড়ি।	This is a house.
২।	هَذَا مَسْجِدٌ	এটা একটা মাস্জিদ।	This is a masjid.
৩।	هَذَا وَلَدٌ	এটা একটা বালক।	This is a boy.
৪।	هَذَا نَجْمٌ	এটা একটা তারা।	This is a star.
৫।	هَذَا قِطٌّ	এটা একটা বিড়াল।	This is a cat.

مَا هَذَا؟ What is this? এটা কি?

هَذَا	مَا
এটা	কি?
this	what (is)

আরবী	مَا هَذَا؟
সাবলীল বাংলা	এটা কি?
ইংরেজী	What is this?

ইংরেজী "is" বা বাংলা "হয়"-এর আরবীতে  
কোনো প্রতিশব্দ দরকার হয় না।

# مَا هَذَا؟ هَذَا كِتَابٌ.

كِتَابٌ	هَذَا
একটা বই	এটা
(is) a book	this

আরবী	هَذَا كِتَابٌ
সাবলীল বাংলা	এটা একটা বই।
ইংরেজী	This is a book.

১।	ইংরেজী "a/an" বা বাংলা "একটি"-র আরবীতে কোনো প্রতিশব্দ দরকার হয় না।
২।	"কিতাবুন" এটা "Proper Noun" নয়। এটা কমন নাউন (Common Noun)।
৩।	কমন নাউনের ক্ষেত্রে শেষের দুই পেশ বা তানউইন দেখে আমরা বুঝতে পারি শব্দটা "অনির্দিষ্ট" "indefinite" (যেকোনো একটা)।

مَنْ هَذَا؟ Who is this? ইনি কে?

هَذَا	مَنْ
ইনি	কে?
this	who (is)

আরবী	مَنْ هَذَا؟
সাবলীল বাংলা	ইনি কে?
ইংরেজী	Who is this?

هَذَا مُدَرِّسٌ	مَنْ هَذَا؟
ইনি একজন শিক্ষক।	ইনি কে?

১।	বুদ্ধিমান প্রাণীর (মানুষ, ফেরেশতা, শয়তান) ক্ষেত্রে আমরা "মান্" "مَنْ" ব্যবহার করি।
২।	অবোধ প্রাণী, গাছপালা, জড় পদার্থের ক্ষেত্রে আমরা "মা" "مَا" ব্যবহার করি।

أَهَذَا بَيْتٌ؟	এটা কি একটা বাড়ি?	Is this a house?
-----------------	-----------------------	------------------------

بَيْتٌ	هَذَا
বাড়ি	এটা

بَيْتٌ	هَذَا	أَ
বাড়ি	এটা	কি?

هَذَا بَيْتٌ.	এটা একটা বাড়ি।	This is a house.
أَهَذَا بَيْتٌ؟	এটা কি একটা বাড়ি?	Is this a house?
نَعَمْ.	হ্যাঁ।	Yes.

هَذَا مَسْجِدٌ.	এটা একটা মাস্জিদ।	This is a masjid.
أَهَذَا بَيْتٌ؟	এটা কি একটা বাড়ি?	Is this a house?
لَا، هَذَا مَسْجِدٌ.	না, এটা একটা মাস্জিদ।	No, this is a masjid.

ذَلِكَ

That

উহা, ওটা, ঐটা

ذَلِكَ

"যালিকা" একটা নির্দেশক বা ইশারা-সূচক সর্বনাম  
(demonstrative pronoun)

ব্যবহারের ক্ষেত্রঃ

দূরের কোনো বস্তু, প্রাণী, মানুষ বা অন্যকিছু,  
যা একবচন এবং পুরুষ-জাতীয়।

উদাহরণঃ

১।	ذَلِكَ بَيْتٌ	ঐটা একটা বাড়ি।	That is a house.
২।	ذَلِكَ مَسْجِدٌ	ঐটা একটা মাস্জিদ।	That is a masjid.
৩।	ذَلِكَ وَלَدٌ	ঐটা একটা বালক।	That is a boy.
৪।	ذَلِكَ نَجْمٌ	ঐটা একটা তারা।	That is a star.
৫।	ذَلِكَ قِطٌّ	ঐটা একটা বিড়াল।	That is a cat.

## শব্দাবলী - ১

	নির্দিষ্ট (Definite)		অনির্দিষ্ট (Indefinite)	
১।	আল্.বাই.তু	الْبَيْتُ	بَيْتٌ	বাই.তুন্
	বাড়িটি			একটি বাড়ি
	The house			A house
২।	আল্.মাস্.জি.দু	الْمَسْجِدُ	مَسْجِدٌ	মাস্.জি.দুন্
	মাস্জিদটি			একটি মাস্জিদ
	The masjid			A masjid
৩।	আল্.বা-.বু	الْبَابُ	بَابٌ	বা-.বুন্
	দরজাটি			একটি দরজা
	The door			A door
৪।	আল্.মিফ্.তা-.হু	الْمِفْتَاحُ	مِفْتَاحٌ	মিফ্.তা-.হুন্
	চাবিটি			একটি চাবি
	The key			A key
৫।	আল্.মাক্.তা.বু	الْمَكْتَبُ	مَكْتَبٌ	মাক্.তা.বুন্
	টেবিলটি			একটি টেবিল
	The table			A table



	নির্দিষ্ট (Definite)		অনির্দিষ্ট (Indefinite)			
৬।	আছ.ছা.রী.রু			ছা.রী.রুন্		
	বিছানাটি			السَّرِيرُ	سَرِيرٌ	একটি বিছানা
	The bed					A bed
৭।	আল্.কুর.ছী.ইয়ু			কুর.ছী.ইয়ুন্		
	চেয়ারটি			الْكُرْسِيُّ	كُرْسِيٌّ	একটি চেয়ার
	The chair					A chair
৮।	আল্.কি.তা-.বু			কি.তা-.বুন্		
	বইটি			الْكِتَابُ	كِتَابٌ	একটি বই
	The book					A book
৯।	আল্.ক্ব.লা.মু			ক্ব.লা.মুন্		
	কলমটি			الْقَلَمُ	قَلَمٌ	একটি কলম
	The pen					A pen
১০।	আন্.নাজ্.মু			নাজ্.মুন্		
	তারাটি			النَّجْمُ	نَجْمٌ	একটি তারা
	The star					A star

	নির্দিষ্ট (Definite)		অনির্দিষ্ট (Indefinite)	
১১।	আত্.ত্ব.বী.বু	الطَّيِّبُ	طَيِّبٌ	ত্ব.বী.বুন্
	ডাক্তারসাহেব			একজন ডাক্তার
	The doctor			A doctor
১২।	আত্.ত্ব-লি.বু	الطَّالِبُ	طَالِبٌ	ত্ব-লি.বুন্
	ছাত্রটি			একজন ছাত্র
	The student			A student
১৩।	আল্.ওয়া.লা.দু	الْوَلَدُ	وَلَدٌ	ওয়া.লা.দুন্
	বালকটি			একজন বালক
	The boy			A boy
১৪।	আর্.র.জু.লু	الرَّجُلُ	رَجُلٌ	র.জু.লুন্
	পুরুষটি			একজন পুরুষ
	The man			A man
১৫।	আত্.তা-.জি.রু	التَّاجِرُ	تَاجِرٌ	তা-.জি.রুন্
	ব্যবসায়ীসাহেব			একজন ব্যবসায়ী
	The business- man			A business-man

	নির্দিষ্ট (Definite)		অনির্দিষ্ট (Indefinite)	
১৬।	আল্.মু.দার.রি.ছু	الْمُدَرِّسُ	مُدَرِّسٌ	মু.দার.রি.ছুন্
	শিক্ষকসাহেব			একজন শিক্ষক
	The teacher			A teacher
১৭।	আল্.ই.মা-.মু	الْإِمَامُ	إِمَامٌ	ই.মা-.মুন্
	ইমামসাহেব			একজন ইমাম
	The imam			An imam
১৮।	আল্.কাল.বু	الْكَلْبُ	كَلْبٌ	কাল.বুন্
	কুকুরটি			একটি কুকুর
	The dog			A dog
১৯।	আল্.কিত্.তু	الْقَطُّ	قِطٌّ	কিত্.তুন্
	বিড়ালটি			একটি বিড়াল
	The cat			A cat
২০।	আল্.হিমা-.রু	الْحِمَارُ	حِمَارٌ	
	গাধাটি			একটি গাধা
	The donkey			A donkey

	নির্দিষ্ট (Definite)		অনির্দিষ্ট (Indefinite)	
২১।	আল্.হিস-.নু	الْحِصَانُ	حِصَانٌ	হিস-.নুন্
	ঘোড়াটি			একটি ঘোড়া
	The horse			A horse
২২।	আল্.জামা.লু	الْجَمَلُ	جَمَلٌ	জামা.লুন্
	উটটি			একটি উট
	The camel			A camel
২৩।	আদ্.দী.কু	الدِّيْكُ	دِيْكٌ	দী.কুন
	মোরগটি			একটি মোরগ
	The rooster			A rooster

এখানে সবকটা শব্দ-ই জাতিবাচক নামপদ বা বিশেষ্য

### Common Noun

(কোনো ব্যক্তি বা বস্তুবিশেষের নাম নয়)

# লেস্ন - ২

নির্দিষ্ট ও অনির্দিষ্ট কমন নাউন বা জাত-বিশেষ্য

## লেস্ন সূচি

১।	প্যাটার্ন দেখে নিয়ম বানানোঃ অনির্দিষ্ট কমন নাউন বা জাত-বিশেষ্য	Discover Patterns and Develop Rules for Indefinite Common Noun
২।	প্যাটার্ন দেখে নিয়ম বানানোঃ নির্দিষ্ট কমন নাউন বা জাত-বিশেষ্য	Discover Patterns and Develop Rules for Definite Common Noun
৩।	উদাহরণ আর নিয়মঃ অনির্দিষ্ট কমন নাউন বা জাত-বিশেষ্য	Examples and Rules: Indefinite Common Noun
৪।	উদাহরণ আর নিয়মঃ নির্দিষ্ট কমন নাউন বা জাত-বিশেষ্য	Examples and Rules: Definite Common Noun

## প্যাটার্ন দেখে নিয়ম বানানো

১ম গ্রুপ - অনির্দিষ্ট কমন নাউন (Indefinite Common Noun)

১।	قَلَمٌ	একটি কলম	A pen
২।	كِتَابٌ	একটি বই	A book
৩।	مَسْجِدٌ	একটি মসজিদ	A masjid
৪।	بَيْتٌ	একটি বাড়ি	A house
৫।	مُدَرِّسٌ	একজন শিক্ষক	A teacher
৬।	إِمَامٌ	একজন ইমাম	An imam

### লক্ষ্য করুন এবং চিন্তা করুনঃ

১।	এখানে প্রতিটা শব্দই কমন নাউন আর অনির্দিষ্ট। একটি, a বা an যেকোনো একটা বা any one অর্থে ব্যবহার করা হয়েছে।
২।	আরবি একটা শব্দের জন্য বাংলা বা ইংরেজি দুটো শব্দ ব্যবহার করা হয়েছে।
৩।	আরবিতে "অনির্দিষ্ট"-র আলামত কি?
৪।	বাংলায় "অনির্দিষ্ট"-র আলামত কি? ইংরেজিতে?

## প্যাটার্ন দেখে নিয়ম বানানো

১ম গ্রুপ - নির্দিষ্ট কমন নাউন (Definite Common Noun)

১।	الْقَلَمُ	কলমটি	The pen
২।	الْكِتَابُ	বইটি	The book
৩।	الْمَسْجِدُ	মসজিদটি	The masjid
৪।	الْبَيْتُ	বাড়িটি	The house
৫।	الْمُدَرِّسُ	শিক্ষক সাহেব	The teacher
৬।	الْإِمَامُ	ইমাম সাহেব	The imam

লক্ষ্য করুন এবং চিন্তা করুন:

১।	এখানে প্রতিটা শব্দই নির্দিষ্ট। এখানে "আল্, the বা টি" নির্দিষ্ট অর্থে ব্যবহার করা হয়েছে।
২।	বাংলায় "নির্দিষ্ট"-র আলামত কি? ইংরেজিতে?
৩।	আরবিতে "নির্দিষ্ট"-র আলামত কি?
৪।	শব্দের প্রথমে আল্ থাকলে শেষে "তান্‌উইন" কি বসতে পারে?

## অনির্দিষ্ট কমন নাউন

## بَيْتٌ

কমন নাউন কোন বিশেষ ব্যক্তি, দেশ বা বস্তুর নাম নয়; বরং পুরো জাতিটাকেই বোঝায়।

### উদাহরণঃ

১।	قَلَمٌ	একটি কলম	A pen
২।	كِتَابٌ	একটি বই	A book
৩।	مَسْجِدٌ	একটি মসজিদ	A masjid
৪।	بَيْتٌ	একটি বাড়ি	A house
৫।	مُدَرِّسٌ	একজন শিক্ষক	A teacher
৬।	إِمَامٌ	একজন ইমাম	An imam

### নোট / লক্ষ্যনীয়ঃ

১।	উপরের সবকটা শব্দই কমন নাউন। এবং সবগুলোই অনির্দিষ্ট।
২।	উপরের আরবি প্রতিটি শব্দের শেষে দুই পেশ-দাম্মা বা তানউইন আছে।
৩।	একটি বা a/an "যেকোন একটা" "any one" অর্থে ব্যবহার করা হয়েছে। অর্থাৎ এগুলো "অনির্দিষ্ট" বা "indefinite"।



## নিয়ম - ১

শব্দটা যদি কমন নাউন (Common Noun)  
হয় আর শেষে তানউইন থাকে, তবে সেটা  
"অনির্দিষ্ট" বা "indefinite"।

(কমন নাউনের ক্ষেত্রে "অনির্দিষ্ট" বা "indefinite" হবার  
আলামত হলো শব্দটার শেষের তানউইন।)

বিশেষভাবে মনে রাখতে হবে!

উপরের নিয়মটা শুধুমাত্র কমন নাউনের জন্য প্রযোজ্য;  
প্রোপার নাউনের জন্য নয়।

আমরা কিছু পরে উদাহরণসহ এটা দেখবো।

## নির্দিষ্ট কমন নাউন

## الْبَيْتُ

بَيْتٌ

বাইতুন

(যেকোনো)

a house

একটা বাড়ি

(any house)

বাইতুন একটা "অনির্দিষ্ট" কমন নাউন বা ইস্ম। এটাকে আমরা কিভাবে "নির্দিষ্ট" বানাবো?

নির্দিষ্ট বানাতে আমরা বাংলায় "একটা" কথাটা কেটে দিয়ে শেষে "-টি" বা "-টা" বসাই। ইংরেজিতে a বা an কেটে the বসাই।

আর আরবিতে আমরা শব্দটার শুরুতে "আল্-" (-টি, -টা, the) বসাই; আর শেষের তানউইনের বদলে একটা হারকাত রাখি।

### উদাহরণঃ

বাইতুন একটা "অনির্দিষ্ট" কমন নাউন বা ইস্ম। আমরা শুরুতে আল বসালে আর শেষের দুই পেশ-দাম্মার বা তানউইনের বদলে একটা দাম্মা রাখলে এটা "নির্দিষ্ট" হয়ে যাবে। আল-বাইতু নির্দিষ্ট আর এর অর্থ হলো বাড়িটি বা the house।

অনির্দিষ্ট

নির্দিষ্ট

بَيْتٌ

الْبَيْتُ

একটি বাড়ি (a house)

বাড়িটি (the house)

### নিয়ম - ২

নাউনের শুরুতে আল থাকলে সেটা নির্দিষ্ট definite.

### নিয়ম - ৩

আল আর তানউইন বন্ধু নয়।

(শুরুতে আল থাকলে শেষে তানউইন বসবে না।)

## শব্দাবলী - ২

১।	old	পুরানো	قَدِيمٌ	جَدِيدٌ	নতুন	new	২।
৩।	far	দূরে	بَعِيدٌ	قَرِيبٌ	কাছে	near	৪।
৫।	hot	গরম	حَارٌّ	بَارِدٌ	ঠাণ্ডা	cold	৬।
৭।	small	ছোট	صَغِيرٌ	كَبِيرٌ	বড়	big	৮।
৯।	light	হাল্কা	خَفِيفٌ	ثَقِيلٌ	ভারি	heavy	১০।
১১।	dirty	ময়লা	وَاسِخٌ	نَظِيفٌ	পরিষ্কার	clean	১২।
১৩।	standing	দাঁড়ানো	وَاقِفٌ	جَالِسٌ	বসা	sitting	১৪।
১৫।	closed	বন্ধ	مُغْلَقٌ	مَفْتُوحٌ	খোলা	open	১৬।

# লেস্ন ৩

মারফু-মানসুব-মাজরুর

## লেস্ন সূচি

১।	বাংলা উদাহরণ কর্তৃবাচক, কর্মবাচক, সম্বন্ধবাচক
২।	বাংলা আর আরবী উদাহরণ কর্তৃবাচক, কর্মবাচক, সম্বন্ধবাচক
৩।	আরবী উদাহরণ মারফু, মানসুব আর মাজরুর
৪।	প্রাথমিক আলোচনা মারফু, মানসুব আর মাজরুর

মারফু-মানসুব-মাজরুর উদাহরণ

বাংলা নাউন (Noun)

possessive	objective	subjective	
সম্বন্ধবাচক	কর্মবাচক	কর্তৃবাচক	
<u>মাজরুর</u>	<u>মানসুব</u>	<u>মারফু</u>	
আল্লহ্-এর	আল্লহ্-কে	আল্লহ্	১।
রসূল-এর	রসূল-কে	রসূল	২।
মুহাম্মদ-এর	মুহাম্মদ-কে	মুহাম্মদ	৩।
বিলাল-এর	বিলাল-কে	বিলাল	৪।
শিক্ষক-এর	শিক্ষক-কে	শিক্ষক	৫।
দেশ-এর	দেশ-কে	দেশ	৬।
বাংলায় মাজরুর-এর মূল আলামত কি?	বাংলায় মানসুব-এর মূল আলামত কি?		

মারফু-মানসুব-মাজরুর উদাহরণ  
আরবী-বাংলা নাউন (Noun)

possessive		objective		subjective	
সম্বন্ধবাচক		কর্মবাচক		কর্তৃবাচক	
মাজরুর		মানসুব		মারফু	
الله	আল্লাহ-এর	الله	আল্লাহ-কে	الله	আল্লাহ
رَسُولٍ	রসূল-এর	رَسُولًا	রসূল-কে	رَسُولٌ	রসূল
مُحَمَّدٍ	মুহাম্মদ-এর	مُحَمَّدًا	মুহাম্মদ-কে	مُحَمَّدٌ	মুহাম্মদ
بِلَالٍ	বিলাল-এর	بِلَالًا	বিলাল-কে	بِلَالٌ	বিলাল
مُدْرِسٍ	শিক্ষক-এর	مُدْرِسًا	শিক্ষক-কে	مُدْرِسٌ	শিক্ষক
الْمُدْرِسِ	শিক্ষক সাহেবের	الْمُدْرِسَ	শিক্ষক সাহেবকে	الْمُدْرِسُ	শিক্ষক সাহেব
মাজরুর-এর মূল আলামত কি?		মানসুব-এর মূল আলামত কি?		মারফু-র মূল আলামত কি?	

মারফু-মানসুব-মাজরুর উদাহরণ

আরবী নাউন (Noun)

possessive	objective	subjective	
সম্বন্ধবাচক	কর্মবাচক	কর্তৃবাচক	
<u>মাজরুর</u>	<u>মানসুব</u>	<u>মারফু</u>	
اللَّهِ	اللَّهِ	اللَّهِ	১।
رَسُولٍ	رَسُولًا	رَسُولٌ	২।
مُحَمَّدٍ	مُحَمَّدًا	مُحَمَّدٌ	৩।
بِلَالٍ	بِلَالًا	بِلَالٌ	৪।
مُدْرِسٍ	مُدْرِسًا	مُدْرِسٌ	৫।
الْمُدْرِسِ	الْمُدْرِسَ	الْمُدْرِسُ	৬।
আরবীতে মাজরুর-এর মূল আলামত কি?	আরবীতে মানসুব-এর মূল আলামত কি?	আরবীতে মারফু-র মূল আলামত কি?	

শব্দের প্রান্ত বা শেষ এবং তিন রূপঃ মারফু-মানসুব-মাজরুর

মারফু Subjective কর্তৃবাচক

মানসুব Objective কর্মবাচক

মাজরুর Possessive সম্বন্ধবাচক

আরবী নাউনের প্রান্ত বা শেষ বলতে আমরা শব্দটির শেষ অক্ষরের হারকাত (পেশ-যবর-যের বা দাম্মা-ফাত্হা-কাস্‌রা) বোঝাবো।

১।	حَامِدٌ	হামিছুন	এটা একটা নাউন বা নামপদ। এটার শেষ বলতে আমরা বোঝাব শব্দের শেষ অক্ষর দালের হারকাত অর্থাৎ দুই পেশকে।
২।	حَامِدًا	হামিদান	এটার শেষ বলতে আমরা বোঝাব শব্দের শেষ অক্ষর দালের হারকাত অর্থাৎ দুই যবর-কে।
৩।	حَامِدٍ	হামিদিন	এটার শেষ বলতে আমরা বোঝাব শব্দের শেষ অক্ষর দালের হারকাত অর্থাৎ দুই যের-কে।
৪।	الْمُدْرِسُ	আল্-মুদাররিসু	এটা একটা নাউন বা নামপদ। এটার শেষ বলতে আমরা বোঝাব শব্দের শেষ অক্ষর ছিনের হারকাত অর্থাৎ এক পেশকে।
৫।	الْمُدْرِسَ	আল্-মুদাররিসা	এটার শেষ বলতে আমরা বোঝাব শব্দের শেষ অক্ষর ছিনের হারকাত অর্থাৎ এক যবর-কে।
৬।	الْمُدْرِسِ	আল্-মুদাররিসি	এটার শেষ বলতে আমরা বোঝাব শব্দের শেষ অক্ষর ছিনের হারকাত অর্থাৎ এক যের-কে।



৭।	<p>আরবী নাউন-এর শেষে যের-কাছরা বসানোর পর এটাকে আমরা "মাজ্‌রুর বলবো। মাজ্‌রুর-এর মূল আলামত যের। অধিকারী, সম্পর্ককারী, মালিক এবং প্রিপোজিশন-জাতিয় শব্দের পরের শব্দটার জন্য মাজ্‌রুর ব্যবহার করা হয়। (বাংলা শব্দের শেষে -এর বা -র থাকলে আরবি প্রতিশব্দের শেষে অধিকাংশ ক্ষেত্রে যের বসে অর্থাৎ মাজ্‌রুর হয়)।</p>
----	---

<b>নিয়ম - ৪</b>	
৮।	<b>"-এর" থাকলে যের হয়।</b>
<p style="text-align: center;">অর্থাৎ বাংলা শব্দের শেষে "-এর" বা "-র" থাকলে অধিকাংশ আরবী প্রতিশব্দের শেষে যের বসবে বা মাজ্‌রুর হবে।</p>	

<b>নিয়ম - ৫</b>	
৯।	<b>"-কে" থাকলে যবর হয়।</b>
<p style="text-align: center;">অর্থাৎ বাংলা শব্দের শেষে "-কে" থাকলে অধিকাংশ আরবী প্রতিশব্দের শেষে যবর বসবে বা মানসুব হবে।</p>	

	<b>নিয়ম - ৬</b>	
১০।	জন্মলগ্নে প্রতিটি নাউন-ই মারফু	
	رَسُولٌ	مُحَمَّدٌ

	<b>নিয়ম - ৭</b>	
১১।	মারফু-র মূল আলামত প্রান্তিক পেশ (দাম্মাহ্)	
	الرَّسُولُ	مُحَمَّدٌ

	<b>নিয়ম - ৮</b>	
১২।	মানসুব-এর মূল আলামত প্রান্তিক যবর (ফাত্‌হা)	
	الرَّسُولَ	رَسُولًا

	<b>নিয়ম - ৯</b>	
১৩।	মাজ্‌রুর্-এর মূল আলামত প্রান্তিক যের (কাস্‌রা)	
	الرَّسُولِ	رَسُولٍ

# লেস্ন ৪

নাম বাক্য বা জুমলা ইস্মিয়া

লেস্ন সূচি

১। নাম বাক্য বা জুমলা ইস্মিয়ার কিছু জানার বিষয়

২। নাম বাক্য বা জুমলা ইস্মিয়ার কিছু সহজ উদাহরণ

Subject Predicate	উদ্দেশ্য বিধেয়	মুভতাদা খবর
Nominal Sentence	নাম বাক্য	জুমলা ইস্মিয়া
The book is new.	বইটা নতুন।	الْكِتَابُ جَدِيدٌ

## কিছু জানার বিষয়ঃ

১।	<p>(الْكِتَابُ جَدِيدٌ) "আল্‌কিতা-বু জাদীদুন্" বা "বইটা নতুন" এই বাক্যে আমরা বইটা সম্পর্কে আলাপ করছি।</p> <p>এখানে (الْكِتَابُ) "আল্‌কিতা-বু" "বইটা" subject বা উদ্দেশ্য আরবিতে "মুভতাদা"।</p>
২।	<p>বইটা সম্পর্কে যে তথ্য বা ডাটা data বা খবর দেয়া হলো সেটা predicate বা বিধেয়। এখানে নতুন বা জাদীদুন্ শব্দটা predicate. আরবিতে প্রেডিকেটকে আমরা "খবর" বলি।</p>
৩।	<p>যে বাক্য নাউন বা প্রোনাম দিয়ে শুরু হয় (অর্থাৎ শুরুতে ক্রিয়া থাকে না) এমন বাক্যকে আমরা নাম-বাক্য বা nominal sentence বা আরবিতে "জুমলা ইস্মিয়া" বলবো।</p>
৪।	<p>আমরা যখন "জুমলা ইস্মিয়া" পাবো, তখন দুটো জিনিষ খুজবো। একটা মুভতাদা subject আরেকটা খবর predicate. বাক্যে যে মানুষ, প্রাণী বা বস্তু সম্পর্কে আলাপ করা হয়, সেটা মুভতাদা। আর মুভতাদার ব্যপারে যে সংবাদ বা তথ্য দেয়া হয়, সেটাকে খবর বলা হয়।</p>
৫।	<p><b>নিয়ম - ১০</b> মুভতাদা আর খবর সবসময় মারফু। (আরও বিস্তারিত আমরা পরে পড়বো।)</p>

৬।	নিয়ম - ১১	মুবতাদা অধিকাংশ সময়ই নির্দিষ্ট।
৭।	নিয়ম - ১২	মুবতাদা অধিকাংশ সময়ই বাক্যের শুরুতে বসে।
৮।	নিয়ম - ১৩	খবর অধিকাংশ সময়ই অনির্দিষ্ট।
৯।	নিয়ম - ১৪	খবর অধিকাংশ সময়ই মুবতাদার পরে বসে।

জুমলা ইস্মিয়ার কিছু সহজ সরল উদাহরণঃ

	উদ্দেশ্য	বিধেয়	বিধেয়	উদ্দেশ্য
	subject	predicate	predicate	subject
	মুবতাদা	খবর	খবর	মুবতাদা
১।	কলমটা	পুরানো।	الْقَلَمُ قَدِيمٌ	
	The pen	is old		
২।	কলমটা	ভাঙ্গা	الْقَلَمُ مَكْسُورٌ	
	The pen	is broken		
৩।	দরজাটা	খোলা	الْبَابُ مَفْتُوحٌ	
	The door	is open		

	উদ্দেশ্য	বিধেয়	বিধেয়	উদ্দেশ্য
	subject	predicate	predicate	subject
	মুভতাদা	খবর	খবর	মুভতাদা
৪।	বালকটা	বসা	الْوَلَدُ جَالِسٌ	
	The boy	is sitting		
৫।	শিক্ষক সাহেব	দাঁড়ানো	الْمُدْرَسُ وَاقِفٌ	
	The teacher	is standing		
৬।	বইটা	নতুন	الْكِتَابُ جَدِيدٌ	
	The book	is new		
৭।	কলমটা	পুরানো	الْقَلَمُ قَدِيمٌ	
	The pen	is old		
৮।	গাধাটা	ছোটো	الْحِمَارُ صَغِيرٌ	
	The donkey	is small		
৯।	ঘোড়াটা	বড়	الْحِصَانُ كَبِيرٌ	
	The horse	is big		
১০।	চেয়ারটা	ভাঙ্গা	الْكُرْسِيُّ مَكْسُورٌ	
	The chair	is broken		

	উদ্দেশ্য	বিধেয়	বিধেয়	উদ্দেশ্য
	subject	predicate	predicate	subject
	মুভতাদা	খবর	খবর	মুভতাদা
১১।	পানিটা	ঠাণ্ডা	الماءُ باردٌ	
	The water	is cold		
১২।	চাঁদটা	সুন্দর	القمرُ جميلٌ	
	The moon	is beautiful		
১৩।	বাড়িটা	কাছে	البيتُ قريبٌ	
	The house	is near		
১৪।	মসজিদটা	দূরে	المسجدُ بعيدٌ	
	The masjid	is far		
১৫।	পাথরটা	ভারী	الحجرُ ثقيلٌ	
	The stone	is heavy		
১৬।	কাগজটা	হাল্কা	الورقُ خفيفٌ	
	The paper	is light		
১৭।	দুধটা	গরম	اللبنُ حارٌ	
	The milk	is hot		

	উদ্দেশ্য	বিধেয়	বিধেয়	উদ্দেশ্য
	subject	predicate	predicate	subject
	মুবতাদা	খবর	খবর	মুবতাদা
১৮।	জামাটা	পরিষ্কার		الْقَمِيصُ نَظِيفٌ
	The shirt	is clean		
১৯।	এটা	একটা বই		هَذَا كِتَابٌ
	This	is a book		
২০।	এটা	একটা কলম		هَذَا قَلَمٌ
	This	is a pen		
২১।	ঐটা	একটা বাড়ি		ذَلِكَ بَيْتٌ
	That	is a house		
২২।	ঐটা	একটা মাস্জিদ		ذَلِكَ مَسْجِدٌ
	That	is a masjid		
২৩।	ইনি	একজন শিক্ষক		هَذَا مُدَرِّسٌ
	This	is a teacher		
২৪।	তিনি	একজন ইমাম		هُوَ إِمَامٌ
	He	is an imaam		



# লেস্ন - ০৫

Preposition

পদাঙ্কীয় অব্যয়

জার

## লেস্ন সূচি

১।

৬ টা Preposition পদাঙ্কীয় অব্যয় বা জার - উদাহরণ  
আর প্যটার্ণ দেখে নিয়ম বানানো

২।

Prepositional Phrase জার-মাজরুর-এর নিয়ম

৩।

অনুশীলনী-১

৪।

অনুশীলনী-২

## শব্দসমষ্টিগুলো আমরা একটু দেখি

জার-মাজরুর		জার			
Prepositional Phrase		পদাঙ্কীয় অব্যয়			
Prepositional Phrase		Preposition			
১।	মুহাম্মাদের উপর	عَلَى مُحَمَّدٍ	عَلَى	উপরে	১।
২।	একজন রসুলের উপর	عَلَى رَسُولٍ	مِنْ	হইতে	২।
৩।		عَلَى الرَّسُولِ	إِلَى	দিকে	৩।
৪।	আল্লাহর উপর	عَلَى اللَّهِ	فِي	মধ্যে	৪।
৫।	টেবিলটির উপরে	عَلَى الْمَكْتَبِ	بِ	সাথে / দ্বারা	৫।
৬।	একটা টেবিলের উপর	عَلَى مَكْتَبٍ	لِ	জন্য	৬।

লক্ষ্য করুন চিন্তা করুনঃ

১।	(عَلَى) 'আলা-র পরের শব্দটার শেষে কোন্ হারকাত?
২।	(عَلَى) 'আলা-র পরের শব্দটা মারফু, মানসুব না মাজরুর?
৩।	(عَلَى) 'আলা-র পরের শব্দটার শেষে কি তানউইন বসতে পারে?
৪।	(عَلَى) 'আলা-র পরের শব্দটার প্রথমে কি আল্ (اِنْ) বসতে পারে?

## শব্দসমষ্টিগুলো আমরা একটু দেখি

জার-মাজরুর		জার			
Prepositional Phrase		Preposition			
১।	আল্লাহর দিকে	إِلَى اللَّهِ	عَلَى	উপরে	১।
২।	to the prophet	إِلَى الرَّسُولِ	مِنْ	হইতে	২।
৩।	to a prophet	إِلَى رَسُولٍ	إِلَى	দিকে	৩।
৪।	বাড়িটির দিকে	إِلَى الْبَيْتِ	فِي	মধ্যে	৪।
৫।	একটি বাড়ির দিকে	إِلَى بَيْتٍ	بِ	সাথে / দ্বারা	৫।
৬।	মসজিদটির দিকে	إِلَى الْمَسْجِدِ	لِ	জন্য	৬।

### লক্ষ্য করুন চিন্তা করুনঃ

১।	(إِلَى) ইলা-র পরের শব্দটার শেষে কোন্ হারকাত?
২।	(إِلَى) ইলা-র পরের শব্দটা মারফু, মানসুব না মাজরুর?
৩।	(إِلَى) ইলা-র পরের শব্দটার শেষে কি তানউইন বসতে পারে?
৪।	(إِلَى) ইলা-র পরের শব্দটার প্রথমে কি আল্ (اِ) বসতে পারে?

## শব্দসমষ্টিগুলো আমরা একটু দেখি

জার-মাজরুর			জার		
Prepositional Phrase			Preposition		
১।	বাড়িটির মধ্যে	فِي الْبَيْتِ	فِي	মধ্যে	১।
২।	একটি বাড়ির মধ্যে	فِي بَيْتٍ			
৩।	বাড়িটি হইতে	مِنَ الْبَيْتِ	مِنَ	হইতে	২।
৪।	একটি বাড়ি হইতে	مِنَ بَيْتٍ			
৫।	কলমটির দ্বারা	بِالْقَلَمِ	بِ	সাথে / দ্বারা	৩।
৬।	একটি কলম দ্বারা	بِقَلَمٍ			

### লক্ষ্য করুন চিন্তা করুনঃ

১।	Preposition বা জার-এর পরের শব্দটার শেষে কোন্ হারকাত?
২।	Preposition বা জার-এর পরের শব্দটা মারফু, মানসূব না মাজরুর?
৩।	Preposition বা জার-এর পরের শব্দটার শেষে কি তানউইন বসতে পারে?
৪।	Preposition বা জার-এর পরের শব্দটার প্রথমে কি আল্ (ا) বসতে পারে?

## শব্দসমষ্টিগুলো আমরা একটু দেখি

জার-মাজরুর		জার	
Prepositional Phrase		Preposition	
১।	صَلِّ عَلَى مُحَمَّدٍ	মুহাম্মাদের উপর আশীষ বর্ষণ করো	عَلَى উপরে ১।
২।	مِنَ الْمَسْجِدِ الْحَرَامِ	মস্জিদুল হারাম থেকে	مِنْ হইতে ২।
৩।	إِلَى الْمَسْجِدِ الْأَقْصَى	মস্জিদুল আক্সার দিকে	إِلَى দিকে ৩।
৪।	فِي سَبِيلِ اللَّهِ	আল্লাহর রাস্তায় (রাস্তার উপরে)	فِي মধ্যে ৪।
৫।	بِسْمِ اللَّهِ	আল্লাহর নামে (নামের সাথে)	بِ সাথে / দ্বারা ৫।
৬।	الْحَمْدُ لِلَّهِ	যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য	لِ জন্য ৬।

Preposition	জার	পদান্বয়ী অব্যয়	
فِي	এটা একটা preposition. অর্থ হলো মধ্যে, ভিতরে, in.		
عَلَى	এটাও একটা preposition. অর্থ হলো উপরে, on.		
আরবী নাউনের আগে প্রিপোজিশন বা জার বসলে নাউনটা মাজরুর হয়ে যায়। মাজরুর-এর মূল আলামত যের। যেমনঃ			
১।	বাড়িটি	الْبَيْتُ	এটা মারফু। মূল আলামত পেশ বসেছে।
	বাড়িটির ভিতরে	فِي الْبَيْتِ	ফী বসার কারণে নাউনটা মাজরুর হয়ে গেছে। মাজরুর-এর মূল আলামত যের বসেছে।
২।	একটি বাড়ি	بَيْتٌ	এটা মারফু। মূল আলামত পেশ বসেছে।
	একটি বাড়ির ভিতরে	فِي بَيْتٍ	ফী বসার কারণে নাউনটা মাজরুর হয়ে গেছে। মাজরুর-এর মূল আলামত যের বসেছে।
৩।	টেবিলটি	الْمَكْتَبُ	এটা মারফু। মূল আলামত পেশ বসেছে।
	টেবিলটির উপরে	عَلَى الْمَكْتَبِ	আলা বসার কারণে নাউনটা মাজরুর হয়ে গেছে। মাজরুর-এর মূল আলামত যের বসেছে।

নিয়ম - ১৫	
৪।	জার পরের প্রথম শব্দটাকে মাজরুর করে দেয়। জার নিকটতম পরবর্তি প্রথম শব্দ ছাড়া অন্য কোনও শব্দকে প্রভাবিত করতে পারে না। জার নাউন বা সর্বনামের আগে বসে।

অনুশীলনী-১		Exercise-1	
নমুনার অনুসরণে শব্দের শেষে হারকাত দিন		see the worked out examples and vowelize (put vowels at the end of the words)	
Prepositional Phrase		Noun	Preposition
জার-মাজরুর		নাউন	জার
১।	عَلَى رَسُولٍ = رَسُولٌ + عَلَى		
২।	عَلَى الرَّسُولِ = الرَّسُولُ + عَلَى		
৩।	إِلَى بَيْتٍ = بَيْتٌ + إِلَى		
৪।	إِلَى الْبَيْتِ = الْبَيْتُ + إِلَى		
৫।	فِي مَسْجِدٍ = مَسْجِدٌ + فِي		
৬।	فِي الْمَسْجِدِ = الْمَسْجِدُ + فِي		

অনুশীলনী-২		Exercise-2	
নমুনার অনুসরণে শব্দের শেষে হারকাত দিন		see the worked out examples and vowelize (put vowels at the end of the words)	
Prepositional Phrase		Noun	Preposition
জার-মাজরর		নাউন	জার
১।	مِنْ ٱلْمَسْجِدِ = ٱلْمَسْجِدُ + مِنْ		
২।	مِنْ مَسْجِدٍ = مَسْجِدٌ + مِنْ		
৩।	مِنْ بَيْتٍ = بَيْتٌ + مِنْ		
৪।	مِنْ ٱلْبَيْتِ = ٱلْبَيْتُ + مِنْ		
৫।	بِٱلْقَلَمِ = ٱلْقَلَمُ + بِ		
৬।	لِإِلَآءٍ = لِإِلَآءٍ + لِ		



# লেস্ন - ৬

সম্মন্ধিকৃত  
আর সম্মন্ধকারী

মুদাফ  
আর মুদাফ-ইলাইহি

## লেস্ন সুচি

১।	বাংলায় সম্মন্ধকারী আর সম্মন্ধিকৃত-এর উদাহরণ
২।	বাংলা আর আরবী উদাহরণ
৩।	নিয়মগুলো
৪।	উদাহরণ আর প্যাটার্ন দেখে নিয়ম বানানো
৫।	১ম উদাহরণ - বিস্তারিত - step-by-step
৬।	২য় উদাহরণ - বিস্তারিত - step-by-step
৭।	৩য় উদাহরণ - বিস্তারিত - step-by-step
৮।	অনুশীলন - ১
৯।	অনুশীলন - ২ - সূরা ক্বদর, সূরা ফালাক আর সূরা নাস্ থেকে

## শব্দ আর শব্দসমষ্টিগুলো আমরা একটু দেখি

	১ম শব্দ	২য় শব্দ	=	অধিকারী / সম্পর্ককারী	অধিকৃত / সম্পর্কিত
১।	আল্লাহ্	+ বাড়ি	=	আল্লাহ্‌র	বাড়ি
২।	আল্লাহ্	+ বই	=	আল্লাহ্‌র	বই
৩।	আল্লাহ্	+ রসূল	=	আল্লাহ্‌র	রসূল
৪।	মানুষ	+ রব	=	মানুষের	রব
৫।	মানুষ	+ মালিক	=	মানুষের	মালিক
৬।	মানুষ	+ ইলাহ্	=	মানুষের	ইলাহ্
৭।	বিলাল	+ বই	=	বিলালের	বই
৮।	হামিদ	+ কলম	=	হামিদের	কলম
৯।	শিক্ষক	+ বই	=	শিক্ষকের	বই
১০।	ইমাম	+ বাড়ি	=	ইমামের	বাড়ি

### লক্ষ্য করুন চিন্তা করুনঃ

- ১। বাংলায় অধিকারী বা সম্পর্ককারী-র শেষে কি?
- ২। অধিকারী বা সম্পর্ককারী মারফু, মান্‌সুব না মাজ্‌রুর?

## শব্দ-সমষ্টিগুলো আমরা একটু দেখি

১।	আল্লাহর বাড়ি	بَيْتُ اللَّهِ
২।	বিলালের বাড়ি	بَيْتُ بِلَالٍ
৩।	হামিদের বাড়ি	بَيْتُ حَامِدٍ
৪।	শিক্ষকের কলম	قَلَمُ مُدَرِّسٍ
৫।	শিক্ষক সাহেবের কলম	قَلَمُ الْمُدَرِّسِ
৬।	আল্লাহর বই	كِتَابُ اللَّهِ
৭।	বিলালের বই	كِتَابُ بِلَالٍ
৮।	হামিদের বই	كِتَابُ حَامِدٍ
৯।	শিক্ষকের বই	كِتَابُ مُدَرِّسٍ
১০।	শিক্ষক সাহেবের বই	كِتَابُ الْمُدَرِّسِ

		অধিকারী	অধিকৃত	
		সম্পর্ককারী	সম্পর্কিত	
		সম্মন্ধকারী	সম্মন্ধিকৃত	
		মুদাফ	মুদাফ	
		ইলাইহি		
১।	আল্লাহর বাড়ি	بَيْتُ اللَّهِ	بَيْتُ + اللَّهُ	
২।	আল্লাহর রসূল	رَسُولُ اللَّهِ	رَسُولُ + اللَّهُ	
৩।	বিলালের বাড়ি	بَيْتُ بِلَالٍ	بَيْتُ + بِلَالٍ	
৪।	একজন শিক্ষকের কলম	قَلَمُ مُدَرِّسٍ	قَلَمُ + مُدَرِّسٍ	
৫।	শিক্ষক সাহেবের কলম	قَلَمُ الْمُدَرِّسِ	قَلَمُ + الْمُدَرِّسِ	
<b>কিছু প্রশ্ন (?)</b>				
১।	মুদাফ ইলাইহির শেষে কোন্ হারকাত? (যের, না যবর না পেশ?)			
২।	মুদাফের শেষে কি তানউইন আছে?			
৩।	মুদাফের প্রথমে কি <b>أل</b> আছে?			

## মুদাফ আর মুদাফ-ইলাইহির নিয়মগুলো

১৬।	মুদাফ-ইলাইহি বা সম্বন্ধকারী সবসময় মাজরুর।
১৭।	মুদাফ কখনই আল্- বা তানউইন নেবে না।
১৮।	মুদাফ আর মুদাফ-ইলাইহির মাঝে কোনো শব্দ বসবে না।

## আরও কিছু নিয়ম

১৯।	মুদাফ-ইলাইহি নির্দিষ্ট হতে পারে, যেমন আল-মুদাররিছি।
২০।	মুদাফ-ইলাইহি অনির্দিষ্ট-ও হতে পারে, যেমন মুদাররিছিন।
২১।	মুদাফ-ইলাইহিতে আল্ থাকতে পারে আবার না-ও থাকতে পারে। এটা নির্ভর করবে মূল শব্দে আল্ ছিল কিনা তার উপরে।
২২।	মুদাফ সম্বন্ধ-সূত্রে নির্দিষ্ট definite হতে পারে, কিন্তু কখনোই আল্ ( اَلْ )নেবে না।
২৩।	মুদাফ মারফু বা মানসুব বা মাজরুর যেকোনোটাই হতে পারে। এটা বাক্যে ব্যবহারের উপর নির্ভর করবে। উদাহরণঃ
<p style="font-size: 1.2em;">مُحَمَّدٌ رَسُوْلُ اللهِ</p>	মুহাম্মদ আল্লাহর রসূল এখানে رَسُوْلٌ মুদাফ এবং মারফু।
<p style="font-size: 1.2em;">ذَهَبْتُ إِلَى رَسُوْلِ اللهِ</p>	আমি আল্লাহর রসূলের কাছে গিয়েছি। এখানে رَسُوْلٍ মুদাফ এবং মাজরুর।
<p style="font-size: 1.2em;">أَحِبُّ رَسُوْلَ اللهِ</p>	আমি আল্লাহের রসূলকে ভালোবাসি। এখানে رَسُوْلٍ মুদাফ এবং মানসুব।

## Step-by-step উদাহরণ - ১

আল্লাহ্	বাড়ি
اللَّهُ	بَيْتٌ
এটা মারফু। সম্বন্ধকারী বানাতে এটাকে আমরা মাজরুর বানাবো। এটা করতে পেশের বদলে যের বসাবো।	এটা অনির্দিষ্ট। সম্বন্ধকৃত বানাতে এটাকে আমরা নির্দিষ্ট বানাবো। এটা করতে দুই পেশের বদলে এক পেশ বসাবো।
اللَّهُ	بَيْتٌ
আল্লাহ্-এর	বাড়ি
মুদাফ ইলাইহি। মাজরুর।	মুদাফ। নির্দিষ্ট।
بَيْتُ اللَّهِ	
আল্লাহ্‌র বাড়ি	

## Step-by-step উদাহরণ - ২

একজন শিক্ষক	বই
مُدَرِّسٌ	كِتَابٌ
এটা মারফু। সম্বন্ধকারী বানাতে এটাকে আমরা মাজরুর বানাবো। এটা করতে পেশের বদলে যের বসাবো।	এটা অনির্দিষ্ট। সম্বন্ধকৃত বানাতে এটাকে আমরা নির্দিষ্ট বানাবো। এটা করতে দুই পেশের বদলে এক পেশ বসাবো।
مُدَرِّسٍ	كِتَابُ
একজন শিক্ষক-এর	বই
মুদাফ ইলাইহি। মাজরুর।	মুদাফ। নির্দিষ্ট।
كِتَابُ مُدَرِّسٍ	
একজন শিক্ষকের বই	

## Step-by-step উদাহরণ - ৩

শিক্ষকসাহেব	বই
الْمُدْرَسُ	كِتَابٌ
এটা মারফু। সম্বন্ধকারী বানাতে এটাকে আমরা মাজরুর বানাবো। এটা করতে পেশের বদলে যের বসাবো।	এটা অনির্দিষ্ট। সম্বন্ধকৃত বানাতে এটাকে আমরা নির্দিষ্ট বানাবো। এটা করতে দুই পেশের বদলে এক পেশ বসাবো।
الْمُدْرَسِ	كِتَابُ
শিক্ষকসাহেবের	বই
মুদাফ ইলাইহি। মাজরুর।	মুদাফ। নির্দিষ্ট।
كِتَابُ الْمُدْرَسِ	
শিক্ষকসাহেবের বই (book of the teacher)	



## অনুশীলনী - ১

নমুনার সাহায্য নিয়ে ১ম ও ২য় শব্দ সংযুক্ত করে সম্পর্কিত-সম্পর্ককারী  
তৈরি করুন। প্রতিটি শব্দের শেষে হারকাত দিন।

		সম্পর্ককারী	সম্পর্কিত	
		মুদাফ ইলাইহি	মুদাফ	
১।	একজন শিক্ষকের কলম	قَلَمٌ	مُدَرِّسٍ	قَلَمٌ + مُدَرِّسٌ
২।	শিক্ষক সাহেবের কলম	قَلَمٌ	الْمُدَرِّسِ	الْقَلَمُ + الْمُدَرِّسُ
৩।				بَيْتٌ + اللهُ
৪।				رَسُولٌ + اللهُ
৬।				بَيْتٌ + بِأَلِّ
৭।				كِتَابٌ + اللهُ
৮।				الْكِتَابُ + اللهُ
৯।				الْبَابُ + الْمَسْجِدُ
১০।				بَيْتٌ + إِمَامٌ
১১।				الْبَيْتُ + الْإِمَامُ

## অনুশীলনী - ২

নমুনার সাহায্য নিয়ে সংযুক্ত করে প্রতিটি শব্দের শেষে সঠিক হারকাত দিনঃ

إِسْمُ اللَّهِ	১।	اللَّهُ	+	إِسْمٌ	+	
بِسْمِ اللَّهِ	২।	اللَّهُ	+	إِسْمٌ	+	بِ
	৩।	اللَّهُ	+	رَسُولٌ		
	৪।	الْقَدْرُ	+	لَيْلَةٌ		
	৫।	الْقَدْرُ	+	لَيْلَةٌ	+	فِي
	৬।	شَهْرٌ	+	أَلْفٌ	+	مِنْ
	৭।	الْفَلَقُ	+	رَبٌّ	+	بِ
	৮।	غَاسِقٌ	+	شَرٌّ	+	مِنْ
	৯।	النَّفَّاثَاتُ	+	شَرٌّ	+	مِنْ
	১০।	حَاسِدٌ	+	شَرٌّ	+	مِنْ
	১১।	النَّاسُ	+	رَبٌّ	+	بِ
	১২।	النَّاسُ	+	مَلِكٌ	+	بِ
	১৩।	النَّاسُ	+	إِلَهٌ	+	بِ
	১৪।	النَّاسُ	+	صُدُورٌ	+	فِي

# লেস্ন - ৭

Female and Male  
Names

মহিলা ও পুরুষ নাম

## লেস্ন সুচি

১। মহিলাদের নাম

২। পুরুষদের নাম

৩। অনারবীয় রসূল বা নবীদের নাম (৩-অক্ষরের বেশী)

৪। ৩-অক্ষরের বিদেশী পুরুষ নাম

৫। আলিফে শেষ শহরের নাম

৬। আলিফ ও আলিফ-মাক্ছুরায় আ-দিয়ে শেষ মানুষের নাম

## শুধুমাত্র মহিলাবাচক Proper Name-এর জন্য প্রযোজ্য

## মহিলাবাচক Common Noun-এর জন্য নয়

মহিলা নামের শেষে তানউইন বসে না। যেমনঃ

১।	آمِنَةٌ	৬।	عَائِشَةٌ	মহিলাদের নাম
২।	خَدِيجَةٌ	৭।	صَفِيَّةٌ	
৩।	فَاطِمَةٌ	৮।	زَيْنَبُ	
৪।	رُقَيْيَّةٌ	৯।	مَرْيَمُ	
৫।	جُدَّةٌ	১০।	مَكَّةٌ	শহরের মহিলা-বাচক নাম

উপরের ছক থেকে আমরা দেখেছিঃ

- ১। মহিলা নামের শেষ অক্ষর "তা-মারবুতা" বা "গোল-তা" ( ة ) থাকে।
- ২। আর অল্পকিছু নামে "তা-মারবুতা" ( ة ) নাও থাকতে পারে।

আরও কয়েকটা জানার বিষয়ঃ

- ১। উপরের সব শব্দগুলোই ডিপটোট্।
- ২। এগুলো কখনও তানউইন নেবে না।
- ৩। এগুলো কখনও কাছরা বা যের নেবে না।
- ৪। এগুলো মাজরুর-রূপে ব্যবহার করলে যের্ না নিয়ে যবর্ নেবে।

শুধুমাত্র পুরুষ Proper Name-এর জন্য প্রযোজ্য

পুরুষবাচক Common Noun-এর জন্য নয়

পুরুষ নামের শেষে সাধারণত তানউইন থাকে। যেমনঃ

১। مُحَمَّدٌ

৬। عَلِيٌّ

২। بِلَالٌ

৭। عَبَّاسٌ

৩। خَالِدٌ

৮। عَمَّارٌ

৪। حَامِدٌ

৯। سَعِيدٌ

৫। يَاسِرٌ

কিছু পুরুষ নাম যেগুলোর শেষে তা-মারবুতা (গোল তা) ( ٥ ) থাকে, সেগুলো কখনও তানউইন নেয় না। যেমনঃ

১। حَمْرَةٌ

৩। طَلْحَةٌ

২। مُعَاوِيَةٌ

৪। أُسَامَةٌ

কিছু পুরুষ নাম যেগুলোর শেষে "আন" (ان) থাকে, সেগুলো কখনও তানউইন নেয় না। যেমনঃ

১। عُثْمَانُ

৩। سُفْيَانُ

২। عَفَّانُ

৪। مَرْوَانُ

## অনারবীয় রসূল বা নবীদের নাম

### ৩-এর বেশি অক্ষর

অনারবীয় রসূল বা নবীদের যে নামগুলো ৩-এর বেশি অক্ষর থাকে সেগুলো তান্‌উইন নেয় না। যেমনঃ

১। إِبْرَاهِيمُ

৬। يَعْقُوبُ

২। إِسْمَاعِيلُ

৭। سُلَيْمَانُ

৩। إِيَّاسُ

৮। دَاوُدُ

৪। إِسْحَاقُ

৯। يُوسُفُ

৫। إِدْرِيسُ

আরও কয়েকটা জানার বিষয়ঃ

১। উপরের শব্দগুলো সব ডিপটোট্‌।

২। এগুলো কখনও তান্‌উইন্‌ নেবে না।

৩। এগুলো কখনও কাছ্‌রা বা যের নেবে না।

৪। এগুলো মাজরুর-রূপে ব্যবহার করলে যের্‌ না নিয়ে যবর্‌ নেবে।

৫। মাজরুর আর মান্‌সূব দুটোরূপেই একই বানান। কনটেব্লট্‌ বা অর্থ থেকে বুঝতে হবে কখন মাজরুর আর কখন মান্‌সূব।

৩-অক্ষরের  
অনারবীয় বিদেশী পুরুষ নাম

৩-অক্ষরের বিদেশী পুরুষ নামগুলো তান্‌উইন্‌ নেবে। যেমনঃ

১।	نُوحٌ	৪।	جُرْجٌ
২।	لُوطٌ	৫।	خَانٌ
৩।	شَيْثٌ		

আরও কিছু জানার বিষয়ঃ

১।	بَلَالٌ	প্রায় সবগুলো পুরুষ নামের শেষে তান্‌উইন্‌ বসে অল্পকিছু ব্যতিক্রম ছাড়া।
২।	طَلْحَةُ	নামের শেষে গোল তা থাকলে তান্‌উইন্‌ বসে না।
৩।	إِبْرَاهِيمُ	অনারবীয় বিদেশী নামের শেষে তান্‌উইন্‌ বসে না, যদি তা ৩-অক্ষরের বেশি হয়।
৪।	نُوحٌ	নাম অনারবীয় বিদেশী হলেও যদি তা ৩-অক্ষরের হয়, তাহলে তান্‌উইন্‌ বসবে।

## অপরিবর্তনীয় বা মাব্‌নি

### আলিফে শেষ শহরের নাম

কোনো দেশ বা শহরের নামের শেষে আলিফ থাকলে সেগুলো অপরিবর্তনীয় বা মাব্‌নি। যেমনঃ

১। آسِيَا

৬। أَمْرِيكَا

২। سُورِيَا

৭। أَلْمَانِيَا

৩। حَيْفَا

৮। بَرِيْطَانِيَا

৪। لِيْبِيَا

৯। فَرَنْسَا

৫। اِنْجِلْتْرَا (اِنْجِلْتْرَا)

১০। سُوَيْسْرَا

আরও কয়েকটা জানার বিষয়ঃ

১। উপরের শব্দগুলো মাব্‌নি।

২। এগুলো কখনও পরিবর্তিত হবে না।

৩।

মার্কু, মাজরুর্ আর মান্‌সূব্ তিনরূপেই একই বানান।

কনটেস্ট বা অর্থ থেকে বুঝতে হবে কখন মার্কু, মাজরুর্ আর কখন মান্‌সূব্।



## অপরিবর্তনীয় বা মাব্‌নি

### আলিফ বা আলিফ-মাক্‌ছুরায় আ-দিয়ে শেষ মানুষের নাম

কোনো পুরুষ বা মহিলা নামের শেষে আলিফ অথবা আলিফ-মাক্‌সূরা থাকলে অর্থাৎ আ-উচ্চারন হোলে, সে শব্দটা অপরিবর্তনীয় বা মাব্‌নি। যেমনঃ

১। سَلْمَى

৬। عَيْسَى

২। لَيْلَى

৭। مُوسَى

৩। ثُرَيَّا

৮। يَحْيَى

৪। حَنَا

৫। جَبْرًا

আরও কয়েকটা জানার বিষয়ঃ

১। উপরের শব্দগুলো মাব্‌নি।

২। এগুলো কখনও পরিবর্তিত হবে না।

৩। মারফু, মাজরুর আর মান্‌সূব্ তিনরূপেই একই বানান।  
কনটেক্সট বা অর্থ থেকে বুঝতে হবে কখন মারফু, মাজরুর  
আর কখন মান্‌সূব্।

# লেস্ন - ৮

Diptote

ডিপটোট্

লেস্ন সূচি

১।

নিয়ম

২।

উদাহরণ

দ্বিরূপী		ডিপটোট্	
		মামনু'য়া-মিনাছ্-ছরফ	
		যে শব্দগুলো কোনোসময়েই তানউইন নেয় না	
অধিকাংশ (নাউন আর বিশেষণ) শব্দই তানউইন নেয়। আমরা জানি, এ শব্দগুলো কিছু ক্ষেত্রে তানউইন ছেড়ে দিয়ে একটা হারকাত নেয়। যেমনঃ			
তানউইন-যুক্ত মূল শব্দ	পরিবর্তিত মূল শব্দ	তানউইন বসবে না যখন	
১।	كِتَابٌ	الْكِتَابُ	শব্দটির আগে আল্ (الْ) বসানো হয়।
২।	كِتَابٌ	كِتَابٌ بِلَالٍ	শব্দটি যখন মুদাফ হয়।
৩।	أُسْتَاذٌ	يَا أُسْتَاذُ	শব্দটির আগে সম্বোধন-সূচক ইয়া (يَا) বসানো হয়।
